



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প
কম্পোনেন্ট সি-বিডবিউসিএসআরপি
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

০৬-০৮ ডিসেম্বর, ২০২৩ এর সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

প্রকাশের তারিখ: ০৪/১২/২০২৩

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) এর তথ্য অনুসারে, আগামী তিন দিন ০৬-০৮ ডিসেম্বর ২০২৩ রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, সিলেট ও ঢাকা বিভাগে হালকা থেকে মাঝারি ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে। এছাড়াও খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগে হালকা থেকে ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে বৃষ্টিপাতের ক্ষতিকর প্রভাব থেকে দশায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ★ জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে অতিরিক্ত পানি জমে না থাকতে পারে।
- ★ বৃষ্টিপাতের আগেই পরিপক্ব ফসল সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন।
- ★ বৃষ্টিপাতের ক্ষতি থেকে রক্ষার জন্য বীজতলায় থাকা সবজির চারা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন।
- ★ সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ★ বীজ বপন ও চারা রোপণ থেকে বিরত থাকুন।
- ★ গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।

ড. মোঃ শাহ কামাল খান
প্রকল্প পরিচালক

মোবাইল ফোন নং: +৮৮০১৭১২১৮৪২৭৪